গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২৬-৭৭ তারিখঃ ২৫ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: কাশিয়ানী জেলার কাশিয়ানী উপজেলাধীন বরইহাট সিদ্দিকিয়া সিনিয়র আলিম মাদ্রাসায় গবেষণাগার/ল্যাব সহকারী জনাব মো. তামিম মুন্সী (ইনডেক্সন M0077151) এর ইনডেক্স কর্তন প্রসঙ্গে।

সূত্র: ১। মাশিঅ এর স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-৬৭; তারিখ: ১৬/০৩/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলাধীন বরইহাট সিদ্দিকিয়া সিনিয়র আলিম মাদ্রাসায় জনাব মো. তামিম মুন্সী ২৬/১০/২০২৫ তারিখের নিয়োগ পত্রের আলোকে ২৭/১০/২০২৫ তারিখে যোগদান করেন এবং নভেম্বর/২০২৫ তারিখে এমপিওভূক্ত হোন যার ইনডেক্সন নং: M0077151। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা- ২০১৮ (২৩ শে নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী গবেষণাগার/ল্যাব সহকারী পদে নিয়োগ প্রদান করার ক্ষেত্রে প্রতিষ্ঠানে ল্যাব চালু থাকার বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু বরইহাট সিদ্দিকিয়া সিনিয়র আলিম মাদ্রাসায় কোন ল্যাব না থাকা সত্ত্বেও অবৈধ উপায়ে গবেষণাগার/ল্যাব সহকারী পদে নিয়োগ প্রদান করা হয়েছে মর্মে প্রমাতিন হওয়ায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ এর ১৮.১ (গ) এবং (চ) অনুযায়ী গবেষণাগার/ল্যাব সহকারী জনাব মো. তামিম মুন্সী (ইনডেক্সন M0077151) এর **এমপিও ইনডেক্স কর্তন করা হলো।**

এমতাবস্থায়, জনাব মো. তামিম মুন্সী (ইনডেক্সন M0077151), গবেষণাগার/ল্যাব সহকারী এর এমপিওভুক্তির তারিখ হতে উত্তোলনকৃত বেতন ভাতা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান পূর্বক অত্র অধিদপ্তরে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮.০৪.২০২৬

মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)
ও
সদস্য সচিব
এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

১। অধ্যক্ষ, বরইহাট সিদ্দিকিয়া সিনিয়র আলিম মাদ্রাসা, কাশিয়ানী, কাশিয়ানী

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাশিয়ানী, কাশিয়ানী।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২৬- 98 তারিখঃ ২৫ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন মরাকান্দি নছিমুন্নেছা ইসলামিয়া দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব হাবিবুর রহমান (ইনডেক্স নং-M0038583) এর ইনডেক্স কর্তন প্রসঙ্গে।

সূত্র: ১। মাশিঅ এর স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-৬৭; তারিখ: ১৬/০৩/২০২৬

২। পরিদর্শক (ঢাকা) এর তদন্ত প্রতিবেদনের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০৮.০১.০০১.২৫-২১৫; তারিখ: ১৭/০২/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন মরাকান্দি নছিমুন্নেছা ইসলামিয়া দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব হাবিবুর রহমান (ইনডেক্স নং-M0038583) এর বিরুদ্ধে সূত্রোক্ত স্মারক-২ নং অনুযায়ী 2015 সালের 12nd শিক্ষক নিবন্ধন পরীক্ষার 31430557 রোল নম্বর সম্বলিত Habibur Rahman পিতা : Munsar Ali এর দাখিলকৃত সনদ জাল ও ভুয়া প্রমাণিত হয়। তৎপ্রেক্ষিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ এর ১৮.১ (গ) এবং (ঙ) অনুযায়ী বর্ণিত শিক্ষকের **এমপিও ইনডেক্স কর্তন করা হলো।**

এমতাবস্থায়, জনাব হাবিবুর রহমান (ইনডেক্স নং-M0038583), সহকারী মৌলভী এর এমপিওভুক্তির তারিখ হতে উত্তোলনকৃত বেতন ভাতা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান পূর্বক অত্র অধিদপ্তরে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

08/04/2026

১। সুপার, মরাকান্দি নছিমুন্নেছা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ইসলামপুর, জামালপুর।

মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)
ও
সদস্য সচিব
এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ইসলামপুর, জামালপুর।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২৬- ৭২

তারিখঃ ২৫ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলাধীন মধ্য কাশিপুর দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: আমিনুল ইসলাম মিয়া (ইনডেক্স: R2006528) এর ইনডেক্স কর্তন প্রসঙ্গে।

সূত্র: মাশিঅ এর স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-৬৭; তারিখ: ১৬/০৩/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলাধীন মধ্য কাশিপুর দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: আমিনুল ইসলাম মিয়া (ইনডেক্স: R2006528) বর্তমানে একই উপজেলাধীন দাসিয়ারছড়া দাখিল মাদ্রাসার সুপার পদে কর্মরত আছেন। ছিটমহল বিনিময়ের পর ২০১৫ জনাব মো: আমিনুল ইসলাম মিয়া দাসিয়ারছড়া দাখিল মাদ্রাসার সুপার পদে নিয়োগ প্রাপ্ত হোন। মধ্য কাশিপুর মাদ্রাসা থেকে ২০১৮ সালে পদত্যাগ করেন। মধ্য কাশিপুর মাদ্রাসা কর্মরত না থাকা সত্ত্বেও ২৫/০৭/২০১৮ থেকে ২৯/০২/২০২০ পর্যন্ত ১৯ মাস ০৬ দিনের বেতন ভাতা (এমপিও) উত্তোলন করেছেন। জনাব মো: আমিনুল ইসলাম মিয়া (ইনডেক্স: R2006528) বর্তমানে মধ্য কাশিপুর মাদ্রাসায় কর্মরত না থাকা সত্ত্বেও তার নামে এমপিও যাচ্ছে।

এমতাবস্থায়, জনাব মো: আমিনুল ইসলাম মিয়া (ইনডেক্স: R2006528), সহকারী মৌলভী পদের ইনডেক্স কর্তন করা হলো। ২৫/০৭/২০১৮ থেকে ২৯/০২/২০২০ পর্যন্ত ১৯ মাস ০৬ দিনের অতিরিক্ত উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ প্রদান পূর্বক এ অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। জনাব মো: আমিনুল ইসলাম মিয়া বিগত ২৫/০৭/২০১৮ থেকে ২৯/০২/২০২০ পর্যন্ত ১৯ মাস ০৬ দিন কর্মরত না থাকা সত্ত্বেও ইনডেক্স কর্তনের ব্যবস্থা গ্রহণ না করায় সুপার, মধ্য কাশিপুর মাদ্রাসা আপনার বেতন ভাতা (এমপিও) কেন বন্ধ করা হবে না মর্মে আগামী ৫ কর্মদিবসের মধ্যে সন্তোষজনক লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮/০৪/২০২৬

মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)
ও
সদস্য সচিব
এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

১। সুপার, মধ্য কাশিপুর মাদ্রাসা, ফুলবাড়ী, কুড়িগ্রাম
২। জনাব মো: আমিনুল ইসলাম মিয়া (ইনডেক্স: R2006528)

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

CamScanner